অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসেবে এন্ডিকটের জন্য গভর্নর হোকলের রূপান্তরমূলক প্রকল্প সম্পর্কে ঘোষণা

আটটি ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ প্রকল্প হেঁটে চলাচলের উপযুক্ততা ও সংযোগ উন্নত করবে; আবাসন ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করবে; এবং কমিউনিটি পরিষেবা ও সাংস্কৃতিক সুযোগ-সুবিধা সম্প্রসারণ করবে

প্রকল্পের রেন্ডারিংগুলো পাওয়া যাবে[এখানে]

গভর্নর ক্যাথি হোকল আজ 10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) বরাদ্দের অংশ হিসেবে এন্ডিকট ভিলেজে আটটি রূপান্তরমূলক প্রকল্প বাস্তবায়নের কথা ঘোষণা করেছেন। এসব অনুদান ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করবে, কর্মসংস্থান তৈরি করবে এবং স্থানীয় উদ্ভাবনী অর্থনীতিকে সম্প্রসারণ করার জন্য কর্মীসংখ্যা বৃদ্ধি করবে/

"আমার প্রশাসন নিউ ইয়র্কের ডাউনটাউনগুলোকে পুনরুজ্জীবিত করা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো যাতে নিজেদের স্থানীয় কমিউনিটিগুলোতে সমৃদ্ধ হওয়ার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলো পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "এসব প্রকল্প এন্ডিকটের স্থানীয় অর্থনীতিকে উন্নত করবে এবং একইসাথে কমিউনিটি পরিষেবা এবং সাংস্কৃতিক সুযোগ-সুবিধা সম্প্রসারণ করবে যা কমিউনিটিকে একসঙ্গে নিয়ে আসবে এবং আগামী প্রজন্মগুলোর জন্য অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করবে।"

এন্ডিকট ভিলেজে উন্নত উৎপাদনমূলক ব্যবসাগুলোর আগমন ঘটছে, যেগুলো নিজেদের সঙ্গে আরো বেশি লোকজন এবং কর্মসংস্থান নিয়ে এসেছে, যা এই ডাউনটাউনকে প্রাণবন্ত করে তুলতে অবদান রাখবে। DRI এলাকা ডাউনটাউনের চারটি পৃথক এলাকাকে একসঙ্গে নিয়ে আসছে—ডাউনটাউন কোর; হুরন ক্যাম্পাস; লিটল ইতালি; এবং ওয়েস্টার্ন গেটওয়ে। এন্ডিকটের DRI বিনিয়োগগুলো ডাউনটাউন কোর এবং আশেপাশের এলাকাগুলোর মধ্যকার সংযোগ শক্তিশালী করবে এবং এসব এলাকা যাতে একটি একীভূত ডাউনটাউন কমিউনিটি হিসেবে কাজ করে সে বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানের একটি শক্তিশালী অনুভূতি প্রতিষ্ঠা করবে।

এসব DRI বিনিয়োগ আপস্টেটের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা এবং সাদার্ন টিয়ারের মধ্যে আরো বেশি সুযোগ-সুবিধা তৈরি করার জন্য গভর্নরের চলমান প্রচেষ্টার অংশ। DRI-এর নেতৃত্বে রয়েছে ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) যারা প্রতিটি অংশগ্রহণকারী কমিউনিটিকে ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবিতকরণের জন্য একটি অনন্য রূপকল্প সামনে নিয়ে সুনির্দিষ্ট প্রকল্পগুলো শনাক্ত করে একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করার এই সময়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করছে।

DRI-এর মাধ্যমে অনুদান পাওয়া প্রকল্পগুলো কমিউনিটির কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় থাকা কয়েকটি লক্ষ্য ও কৌশলকে সমর্থন করে, যেমন স্ট্রিটস্কেপের হেঁটে চলাচলের উপযুক্ততা ও সংযোগ উন্নত করা; বিদ্যমান সম্পত্তি ও খালি পড়ে থাকা স্থানগুলো পুনঃউন্নয়ন করার মাধ্যমে ব্যবসা ও আবাসনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা; এবং কমিউনিটি পরিষেবাসমূহ ও সাংস্কৃতিক সুযোগ-সুবিধাগুলো সম্প্রসারণ করা। DRI-র মাধ্যমে এইসব প্রকল্পে করা 9.7 মিলিয়ন মার্কিন ডলার পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর ও গতিবেগ বৃদ্ধির সাথে সাথে অতিরিক্ত সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করবে।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

<u>স্ট্রিটস্কেপের হেঁটে চলাচলের উপযুক্ততা ও সংযোগ উন্নত করা</u>

ডাউনটাউনের সংযোগ উন্নত করা - DRI অনুদান: 3,156,000 ডলার
সাইডওয়াক ও স্ট্রিটস্কেপের উন্নয়ন, সাইন স্থাপন, ল্যান্ডস্কেপিং ও লাইটিং ইত্যাদির মতো পদক্ষেপগুলো গ্রহণ করার মাধ্যমে ডাউনটাউনের এলাকাগুলোকে আরো ভালোভাবে সংযুক্ত করার জন্য বহুমাত্রিক উদ্যোগ বাস্তবায়ন করা।

<u>বিদ্যমান সম্পত্তি ও খালি পড়ে থাকা স্থানগুলো পুনঃউন্নয়ন করার মাধ্যমে আবাসন ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা</u>

18 একর আয়তনের একটি খালি পড়ে থাকা সাইটের পুনঃউন্নয়ন - DRI অনুদান: 3,120,000 ডলার
দীর্ঘ সময় ধরে খালি পড়ে থাকা একটি সাইটকে একটি ওয়্যারহাউজ ডিস্ট্রিবিউশন সেন্টারে রূপান্তর করার মাধ্যমে পুনরুজ্জীবিত করে তোলা, যা এন্ডিকটে কর্মসংস্থান নিয়ে আসবে এবং ভিলেজের ডাউনটাউন কোর-এর ওয়েস্টার্ন গেটওয়ের রূপান্তর ঘটাবে।

32-36 ওয়াশিংটন এভিনিউকে মিশ্র-ব্যবহারের জন্য সংস্কার করা - DRI অনুদান: 910,000 ডলার
উপরের তলায় দুইটি অ্যাপার্টমেন্ট তৈরি করা, বিদ্যমান ভাড়াটিয়াদের শক্তিশালী করা এবং একটি রেস্তোরাঁ সহ নতুন ব্যবহারের সুযোগ তৈরি করার জন্য একটি বৃহৎ মিশ্র-ব্যবহারের ভবনের ইন্টেরিয়র সংস্কার করা এবং আস্তরণ উন্নয়ন করা।

একটি ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ তহবিল (Downtown Revitalization Fund) তৈরি করা - DRI অনুদান: 600,000 ডলার
DRI এলাকার ক্ষুদ্র ব্যবসায়ী এবং সম্পত্তি মালিকদেরকে মূলধনী উন্নয়ন সম্পন্ন করতে সাহায্য করার জন্য একটি তহবিল তৈরি করা। উপযুক্ত ক্রিয়াকলাপগুলোর মধ্যে রয়েছে আস্তরণ উন্নয়ন, ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান তৈরি ও সম্প্রসারণ এবং সবুজ নির্মাণকাজের জন্য উপাদানসমূহ।

কর্মীদের আবাসন উন্নয়নের জন্য একটি প্রকল্প নির্মাণ করা - DRI অনুদান: 402,000 ডলার
ওয়াশিংটন এভিনিউ সংলগ্ন একটি গুরুত্বপূর্ণ লোকেশনে কর্মীদের আবাসন এবং গ্রাউন্ড ফ্লোরে পার্কিং লটে খুচরা দোকানের জায়গা সহ একটি নতুন, মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্প নির্মাণ করা।

54 ওয়াশিংটন এভিনিউ-এর আস্তরণ উন্নয়ন - DRI অনুদান: 100,000 ডলার
গ্রাউন্ড ফ্লোরে ব্যবসা প্রতিষ্ঠানের জায়গা বহাল রেখে এবং উপরের তলায় অফিস ও আবাসিক ব্যবহারের জন্য স্থান উন্নত করার মাধ্যমে, একটি চলমান ইন্টেরিয়র সংস্কার প্রকল্পে সহায়তা করার জন্য আস্তরণ উন্নয়ন ও উন্নত করা।

কমিউনিটি পরিষেবা ও সাংস্কৃতিক সুযোগ-সুবিধা সম্প্রসারণ করা

সাদার্ন টিয়ার কমিউনিটি সেন্টারকে (Southern Tier Community Center) পুনরুজ্জীবিত করা - DRI অনুদান: 1,141,000 ডলার
ইন্টেরিয়র স্থান উন্নত করা, জ্বালানি খরচ কমানো এবং কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনা এবং আগামী বছরগুলোতে ভবনটিকে নিরাপদ ও প্রাণবন্ত রাখবে এমন মূলধনী উন্নয়নগুলোর মাধ্যমে এন্ডিকট কমিউনিটিকে আরো ভালোভাবে সেবা প্রদান করতে এই সেন্টারকে সাহায্য করার জন্য ধারাবাহিকভাবে বেশ কিছু নির্মাণকাজ ও সাইট উন্নয়নের কাজ বাস্তবায়ন করা।

নিউ ইয়র্ক ওয়াইন টেস্টিং ফ্যাসিলিটি (New York Wine Tasting Facility) তৈরি করা - DRI অনুদান: 271,000 ডলার
লিটল ইতালিতে একটি নবনির্মিত ভবনে একটি নতুন ওয়াইন টেস্টিং ব্যবসা প্রতিষ্ঠা করার মাধ্যমে এই এলাকায় সজীবতা নিয়ে আসা।

নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "এন্ডিকট ভিলেজ নতুন উন্নত উৎপাদনমূলক ব্যবসাগুলোর এই কমিউনিটিতে আরো বেশি কর্মসংস্থান ও লোকজন নিয়ে আসার ফলে এন্ডিকট ভিলেজ একটি অতি গুরুত্বপূর্ণ অবস্থানে এসে পৌঁছেছে, এবং ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক এন্ডিকটের ডাউনটাউনকে 21 শতকের কর্মসংস্থান ও কর্মীদের বসবাস, কর্মসংস্থান ও ভ্রমণ করার উপযুক্ত একটি আধুনিক এলাকায় রূপান্তর করতে সাহায্য করছে। 10 মিলিয়ন ডলারের এই অনুদান খালি পড়ে থাকা সাইটগুলোর পুনঃউন্নয়ন করবে এবং পুরোনো হয়ে যাওয়া ফ্যাসিলিটিগুলোর উন্নয়ন করে নতুন ব্যবসা প্রতিষ্ঠান, আবাসন ও জনসমাগমের স্থান তৈরি করবে যা ডাউনটাউন এন্ডিকটকে

ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাবে এবং এটির উন্নত উৎপাদন খাতকে শক্তিশালী করা অব্যাহত রাখবে। এন্ডিকট ভিলেজ এবং এটির সব অধিবাসীকে অভিনন্দন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "এই আটটি DRI প্রকল্প এন্ডিকটের সিটি সেন্টারকে শক্তিশালী করবে এবং ডাউনটাউনের পৃথক এলাকাগুলোকে সংযুক্ত করবে যাতে সেগুলো একসঙ্গে একটি সংহতিপূর্ণ স্থানের অনুভূতি তৈরি করে। একদিকে উন্নত প্রস্তুতকরণ ব্যবসাগুলো যখন স্থানীয় অর্থনীতিকে প্রাণবন্ত করে তুলছে, একই সময়ে সিটির স্ট্রিটস্কেপ ও ভবনগুলো নিয়ে কৌশলগত পুনরায় ভাবনা এই সিটিকে একটি প্রধান গন্তব্যস্থল হিসেবে আরো বেশি সমৃদ্ধ করে তুলবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্ক সিটি, টাউন ও ভিলেজগুলোর অব্যাহত প্রবৃদ্ধি ত্বরান্বিত করার জন্য চলমান অর্থনৈতিক উন্নয়ন কৌশলগুলোর সঙ্গে যোগ হওয়া সংস্থানসমূহ নিয়ে আসছে। এন্ডিকট এই আটটি অনুদান থেকে ব্যাপকভাবে উপকৃত হবে যেগুলো ভিলেজের হেঁটে চলাচলের উপযুক্ততা উন্নত করা, একটি দ্রুত বর্ধনশীল কর্মীদলকে বসবাসের জায়গা দেওয়ার জন্য আবাসনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা, এবং কমিউনিটি পরিষেবাসমূহের অ্যাক্সেস সম্প্রসারণ করার প্রতি মনোযোগ দিচ্ছে।"

স্টেট সিনেটর ফ্রেড আকশার বলেন, "একসময় সুযোগের উপত্যকা নামে পরিচিত এই এন্ডিকট কমিউনিটি পুনরুজ্জীবিত হওয়ার দ্বারপ্রান্তে রয়েছে। এসব পুনরুজ্জীবিতকরণ তহবিল এই কমিউনিটির মানুষের জন্য এন্ডিকটে নতুন প্রাণের সঞ্চার করতে এবং সুযোগ-সুবিধা নিয়ে আসতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন, "গত বছরের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের তরফ থেকে বরাদ্দকৃত তহবিলগুলো কাজে লাগিয়ে, এন্ডিকট এই ডাউনটাউনে ও আশেপাশের এলাকাগুলোতে নতুন প্রাণের সঞ্চার করার জন্য একটি অসাধারণ ৪টি প্রকল্প বিশিষ্ট পরিকল্পনা প্রণয়ন করেছে। এই ভিলেজটি অবস্থার পরিবর্তনের একটি গুরুত্বপূর্ণ অবস্থানে এসে পৌঁছানোর এই সময়ে এসব বিনিয়োগ নিখুঁতভাবে উপযুক্ত হয়েছে। বহু নিবেদিত অংশীদার কর্তৃক কয়েক বছর ধরে প্রচেষ্টা চালানোর পরে ডাউনটাউনের জন্য এন্ডিকটের রূপকল্পকে অবশেষে বাস্তবে রূপ নিতে দেখতে পাওয়া একটি চমৎকার ব্যাপার। আপস্টেট অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার জন্য তার অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি আরো একবার গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ জ্যাসন গার্নার বলেন, "উদ্ভাবন ও উন্নত প্রস্তুতকরণ ব্রুম কাউন্টির এই অংশে ফিরে আসার এই সময়টি এন্ডিকটের জন্য একটি উদ্দীপনাপূর্ণ সময়। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অনুদান ওয়াশিংটন এভিনিউ সংলগ্ন সম্পত্তিগুলো এবং আশেপাশের এলাকায় নতুন প্রাণের সঞ্চার করার মাধ্যমে এই অগ্রগতিকে এগিয়ে নিতে সাহায্য করবে। নতুন আবাসন, কর্মী উন্নয়নের স্থান, খুচরা দোকানের জায়গা, এবং চিত্তবিনোদন সুযোগ ইত্যাদি সবকিছু এন্ডিকটের চলমান পুনঃউন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ব্রুম কাউন্টির প্রতি আস্থা রাখার জন্য গভর্নর হোকলকে এবং সেইসাথে আমাদের স্থানীয় নেতৃবৃন্দের সবাইকে ধন্যবাদ!"

এন্ডিকট ভিলেজের মেয়র লিন্ডা জ্যাকসন বলেন, "পুনঃউন্নয়ন, সংস্কারকাজ ও পুনরুজ্জীবিতকরণের মাধ্যমে এই ভিলেজকে পুনরায় প্রাণবন্ত করে তোলার জন্য আমরা দীর্ঘ সময় ধরে কাজ করে আসছি। এই অনুদানের মধ্যে অন্তর্ভুক্ত হওয়া প্রকল্পগুলো কর্মসংস্থান তৈরি করা, আবাসন উন্নয়নে সহায়তা করা, এবং নতুন দোকান, লাইটিং ও স্ট্রিটস্কেপের মাধ্যমে আমাদের ভিলেজকে আরো বেশি আকর্ষণীয় করে তোলার জন্য আমাদের লক্ষ্যগুলোকে সমর্থন করবে। এই DRI অনুদান আমাদের আসন্ন ভবিষ্যতের জন্য একটি চমৎকার 'উদ্দীপক' হিসেবে কাজ করবে! এখানে এন্ডিকট ভিলেজে আমাদের সবার তরফ থেকে অনেক বেশি ধন্যবাদ জানাচ্ছি!"

ইউনিয়ন টাউনের সুপারভাইজার রিচার্ড ম্যাটেরিজ বলেন, "এই অনুদান এন্ডিকট ভিলেজকে এক সময়ের গর্বিত IBM ঐতিহ্যকে ভস্ম থেকে মাথা তুলে দাঁড়াতে সাহায্য করবে। আমরা আশা করছি এন্ডিকটে নতুন ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিকশিত হবে, যা আরো বেশি কর্মচারী ও দর্শনার্থীদের আকৃষ্ট করবে, একটি অর্থনৈতিক উন্নতির শিখা প্রজ্জ্বলিত করবে যা ইউনিয়ন টাউনকেও উপকৃত করবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন